**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবেই অতিবাহিত হয়েছে।

২/ বজবজে বিডিও অফিসে সর্বদলীয় বৈঠকে যোগ দিতে যাওয়ার সময় দলীয় কর্মীদের ওপর আক্রমণের ঘটনায় বিজেপি নিন্দা করেছে। বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে ঘিরে'ও বিক্ষোভ।

৩/ পশ্চিমবঙ্গ বিক্রয় কর (বিরোধ নিষ্পত্তি) (সংশোধন) বিল ২০২৫ আজ বিধানসভায় গৃহীত হয়েছে।

৪/ সাহিত্যিক প্রফুল্ল চন্দ্র রায় প্রয়াত ।

৫/ পথ দুর্ঘটনায় হাওড়ায় বাগনানে চার জনের মৃত্যু হয়েছে।

৬/ রাজ্যের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির ফলে বেশ কয়েকটি এলাকা প্লাবিত।

# শীলাবতী নদীর বাঁধে ভাঙ্গন।

***********************************************************************

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবেই অতিবাহিত হয়েছে। বিকেল ৫'টা পর্যন্ত গড়ে ভোট পড়ে ৬৯ দশমিক ৮/৫ শতাংশ।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- অনুপম )

উল্লেখ্য, ৩০শে জুন, এই কেন্দ্রে ভোট গণনা।

**********************

বজবজে বিডিও অফিসে সর্বদলীয় বৈঠকে যোগ দিতে যাওয়ার সময় দলীয় কর্মীদের ওপর আক্রমণের ঘটনায় বিজেপি নিন্দা করেছে। আক্রান্ত বিজেপি কর্মীদের সঙ্গে দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দেখা করতে গেলে তাঁকে ঘিরেও বিক্ষোভ দেখানো হয় এবং তাঁর পরিবার সম্পর্কে কদর্য ভাষায় আক্রমণ করা হয় বলে অভিযোগ। শ্রী মজুমদার অভিযোগ করেছেন, আক্রান্ত দলীয় কর্মীদের সঙ্গে দেখা করার কথা তিনি আগেই প্রশাসনকে জানিয়েছিলেন। তা সত্বেও ডায়মন্ড হারবার পুলিশ আইন শৃঙ্খলা রক্ষায় কোনো ব্যবস্থা নেয়নি। বিষয়টি তিনি লোকসভায় তুলবেন বলেও জানিয়েছেন।

( বাইট- সুকান্ত )

শ্রী মজুমদার কয়েকজন দলীয় কর্মীকে নিয়ে রাজভবনের উদ্দেশে রওনা দিয়েছেন।

**********************

বিজেপি পরিষদীয় দল আগামীকাল রেড রোডে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে পশ্চিমবঙ্গ দিবস পালন করবে। রাজ্য বিধানসভায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, আগামীকাল বিধানসভা অধিবেশনের প্রথমার্ধে প্রশ্নোত্তর পর্বের শেষে পরিষদীয় দল রেড রোডের উদ্দেশ্যে পদযাত্রা করবে।

এরপর বিকেলে আসানসোলে পশ্চিমবঙ্গ দিবস পালন উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও রাজ্যের বিভিন্ন জায়গায় দিনটি পালন করা হবে।

**********************

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে কলকাতা হাইকোর্টের আগের নির্দেশ কতদুর কার্যকর করা হয়েছে চার সপ্তাহের মধ্যে রিপোর্ট দিয়ে জানাতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চ এদিন বিশ্ববিদ্যালয়কে এই নির্দেশ দেয়।
উল্লেখ্য, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর অনুষ্ঠানকে কেন্দ্র করে ঝামেলার ঘটনার পর কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া মামলার পরিপ্রেক্ষিতে বহিরাগতদের নিয়ে যেকোনো অনুষ্ঠানের আয়োজন করার উপর নিষেধাজ্ঞা আরোপ করেছিল কলকাতা হাইকোর্ট।

**********************

বনগাঁ আদালতের বিচারক সোমা চক্রবর্তীকে হেনস্থার অভিযোগে স্বতঃপ্রণোদিত মামলায় কলকাতা হাইকোর্ট ৭ আইনজীবীকে দোষী সাব্যস্ত করেছে। তবে, এই মুহূর্তে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা যাবে না বলে জানিয়েছেন বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি সব্বর রশিদির বেঞ্চ। ওই আইনজীবীদের সতর্ক করে দিয়েছে আদালত।

**********************

আগামী ২১শে জুন বিশ্বজুড়ে উদযাপিত হবে ১১-তম আন্তর্জাতিক যোগ দিবস। আকাশবাণী সংবাদ আপনাদের সামনে উপস্থাপন করছে একটি বিশেষ প্রতিবেদন, যেখানে তুলে ধরা হয়েছে কীভাবে প্রাচীন ভারতীয় ঐতিহ্য থেকে যোগ আজ একটি বিশ্বব্যাপী আন্দোলনে রূপান্তরিত হয়েছে।

আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

১১-তম আন্তর্জাতিক যোগ দিবসের মূল ভাব "এক পৃথিবী, এক স্বাস্থ্য এর জন্য-যোগ" একতা ও সুস্থতার বার্তা বহন করে। জাতি, ধর্ম বা দেশ যাই হোক না কেন, যোগ প্রত্যেককে একটি স্বাস্থ্যকর, আরও ভারসাম্যপূর্ণ এবং অর্থবহ জীবনের পথে এগিয়ে নিয়ে যেতে পারে।

**********************

আন্তর্জাতিক যোগ দিবস নিয়ে বিশেষ আলোচনা শুনবেন আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH পরিষেবায়। স্বামী বিবেকানন্দ যোগ অনুসন্ধান সংস্থানের অধিকর্তা ডক্টর অভিজিৎ ঘোষের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। যোগাভ্যাসে পদকজয়ী কয়েকজনের কথাও শোনা যাবে।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

**********************

করদাতাদের স্বস্তি দিতে এবং বিচারাধীন কর মামলাগুলির দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে, পশ্চিমবঙ্গ বিক্রয় কর (বিরোধ নিষ্পত্তি) (সংশোধন) বিল ২০২৫ আজ বিধানসভায় গৃহীত হয়েছে। বিলের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, বিক্রয় কর সংক্রান্ত অন্যান্য বকেয়া মামলার নিষ্পত্তির উদ্দেশ্যে এককালীন সুযোগ দেওয়া হচ্ছে। ২০১৭ সালের ৩০ শে জুন পর্যন্ত যে সমস্ত বিক্রয় করে দাবি বকেয়া রয়েছে তার ৭৫ শতাংশ আগামী ৩১ শে জুলাই এর মধ্যে মিটিয়ে দিলে তাদের কোনরকম সুদ বা জরিমানা দিতে হবে না।

এদিকে, বিলের ওপর আলোচনায় অংশ নিলেও মন্ত্রীর জবাবী ভাষণ না শুনেই বিরোধী বিজেপি সদস্যরা মুখ্য সচেতক শংকর ঘোষের নেতৃত্বে অধিবেশন ছেড়ে বেরিয়ে যান। তা নিয়ে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায়, অরূপ বিশ্বাস প্রমুখ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়- এর দৃষ্টি আকর্ষণ করে ক্ষোভ প্রকাশ করেন। অধ্যক্ষ বলেন, বিরোধীদের এই আচরণ শুধুমাত্র অসৌজন্যমূলক।

**********************

হাওড়ার বাগনান থানার লাইব্রেরি মোড়ে আজ সকালে এক পথ দুর্ঘটনায় চার জনের মৃত্যু হয়েছে। বাগনান থেকে শ্যামবাজারের দিকে যাওয়ার সময় একটি বাসকে কোলাঘাটমুখী একটি লরি নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে ধাক্কা মারে। আহত হন কমবেশি ৩০ জন যাত্রী। পরে পূর্ণেন্দু ভৌমিক, কুণাল বসু, শেখ হাসিবুল এবং ঋতম মাঝি নামে চারজন প্রাণ হারান। আহতদের উলুবেড়িয়া হাসপাতালে চিকিৎসা চলছে। কয়েকজনকে কলকাতায় নিয়ে আসা হয়েছে। পুলিশ ওই লরির চালককে গ্রেফতার করেছে।

**********************

সাহিত্যিক প্রফুল্ল চন্দ্র রায় প্রয়াত। আজ দুপুরে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৯১ বছর।

বেশ কিছুদিন ধরে তিনি বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন। আজই গড়িয়া শ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

প্রফুল্ল রায়-এর জন্ম ১৯৩৪ সালে বাংলাদেশের ঢাকা জেলায়। ১৯৫০ সালে তিনি ভারতে আসেন। ১৯৫৬ সালে প্রকাশিত হয় তাঁর প্রথম উপন্যাস ‘পূর্ব পার্বতী ' ।

প্রান্তিক মানুষের জীবন ও সংগ্রাম, বরাবরই তাঁর লেখায় প্রতিফলিত হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সাহিত্যিক প্রফুল্ল রায়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তাঁর পরিবার ও পাঠকদের প্রতি তিনি সমবেদনা জানান।

শরণার্থী জীবনের ওপর ভিত্তি করে তাঁর উপন্যাস গুলি হলো 'কেয়া পাতার নৌকো' , ‘শতধারায় বয়ে যায়’, ‘উত্তাল সময়ের ইতিকথা’, ‘নোনা জল মিঠে মাটি’ ।

২০০৩ এ ‘ক্রান্তিকাল' উপন্যাসের জন্য সাহিত্য অকাদেমি পুরস্কার পান তিনি। তাঁর লেখা উপন্যাস অবলম্বনে বহু চলচ্চিত্র , টেলিফিল্ম ও ধারাবাহিকও নির্মিত হয়েছে।

তাঁকে নিয়ে একমাত্র তথ্যচিত্রটি নির্মাণ করেছেন পরিচালক গৌতম ঘোষ।

সাহিত্যিক অসুস্থ থাকার কারণে ছবিটি তাঁকে না দেখাতে পারার আক্ষেপ শোনা গেল পরিচালকের কণ্ঠে।

( বাইট- গৌতম ঘোষ)

**********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন অঞ্চলের ওপর থাকা সুস্পষ্ট নিম্নচাপটি উত্তর-পশ্চিম ঝাড়খন্ড এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর অবস্থান করছে। এছাড়াও, পাঞ্জাব থেকে অসম পর্যন্ত একটি নিম্নচাপ অক্ষরেখাও বিস্তৃত হয়েছে। এই দুই-এর প্রভাবে দক্ষিণবঙ্গের পুরুলিয়া বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির 'কমলা সতর্কতা' রয়েছে। হাওড়া, হুগলী ও দক্ষিণ ২৪ পরগণায় জারি করা হয়েছে হলুদ সতর্কতা। অন্যদিকে উত্তরবঙ্গে, দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পং জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির 'কমলা সতর্কতা' জারি করা হয়েছে। সেইসঙ্গে উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টা সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণার ঘোষকিরাতে শিলাবতী নদীর বাঁধ ভেঙে বহু এলাকা জলমগ্ন হয়েছে। প্লাবিত হয়েছে চন্দ্রকোণা দু-নম্বর ব্লকের ভগবন্তপুর এক নম্বর গ্রাম পঞ্চায়েতের বহু এলাকা। নদীর জলস্তর বেড়ে চলায় আজ রাতের দিকে বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হওয়ার আশঙ্কা করছেন গ্রামবাসীরা।

টানা বর্ষণে বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন এলাকাও জলমগ্ন।

************************************************************************